


ভারতীয় ভিসা সেন্টার চালু

- A Monitor Desk Report

Date: 18 December, 2025



ঢাকাঃ নিরাপত্তা পরিস্থিতি বিবেচনায় সাময়িকভাবে বন্ধ ঘোষণা করা ঢাকার ভারতীয় ভিসা কেন্দ্রের (আইডেক) কার্যক্রম স্বাভাবিক নিয়মে চালু করা হয়েছে।

বৃহস্পতিবার (১৮ ডিসেম্বর) সকালে ভিসা সেন্টারের কাজ শুরু হয়েছে বলে জানিয়েছে ভারতীয় হাইকমিশন।

এর আগে, বুধবার (১৭ ডিসেম্বর) ঢাকায় জুলাই গণ-অভ্যর্থনের সঙ্গে যুক্ত একাধিক সংগঠনের মোর্চা ‘জুলাই এক’-এর ব্যানারে ‘মার্চ টু ইন্ডিয়ান হাইকমিশন’ কর্মসূচি ঘোষণা করা হয়।

ওই কর্মসূচির প্রেক্ষাপটে নিরাপত্তা পরিস্থিতি বিবেচনায় দুপুর ২টা থেকে ভারতীয় ভিসা কেন্দ্রের কার্যক্রম বন্ধ রাখা হয়।

-B